প্রথম আলো

তারিখ: 01 DEC 2017
পৃষ্ঠা: 4  কলাম: 6

### শিক্ষাবিদদের সঙ্গে শিক্ষামন্ত্রীর সভা

# সব পাঠ্যবই সুখপাঠ্য করা হবে

নিজস্ব প্রতিবেদক ●

পর্যায়ক্রমে বিনা মূল্যের সব পাঠ্যবই সুখপাঠ্য ও সহজ করা হবে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। গতকাল বৃহস্পতিবার সচিবালয়ে মাধ্যমিক শিক্ষার মান উন্নয়ন নিয়ে বিশিষ্ট শিক্ষাবিদদের সঙ্গে অনুষ্ঠিত এক মতবিনিময় সভা শেষে শিক্ষামন্ত্রী এ কথা বলেন।

শিক্ষামন্ত্রী বলেন, বইগুলো পর্যায়ক্রমে সুখপাঠ্য করার পাশাপাশি বইয়ের বোঝাও কমাতে চান তাঁরা। শিক্ষাবিদদের পরামর্শে এসব কাজ করা হচ্ছে।

আগামী বছরের নবম-দশম শ্রেণির ১২টি বিষয়ের পাঠ্যবই সুখপাঠ্য করে ছাপানো হচ্ছে, এ কথা জানিয়ে শিক্ষামন্ত্রী বলেন, এই বইগুলোর আলোকে অন্য বইগুলো তাঁরা সুখপাঠ্য করতে চান।

মাধ্যমিক শিক্ষার উন্নয়নে শিগগির একটি কর্মশালা করা হবে জানিয়ে নুরুল ইসলাম নাহিদ বলেন, সেখানে শিক্ষক ও ছাত্রছাত্রীদের রাখা হবে। তাঁদের মতামতের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী বলেন, পরীক্ষার প্রশ্ন ফাঁস দীর্ঘকালের বিষয়। আগে হয়তো এত প্রচার হতো না বা এত ব্যাপকতা ছিল না। কিন্তু তাঁরা প্রশ্নপত্র ফাঁস বন্ধে বিভিন্ন পদক্ষেপ নিয়েছেন। বিজি প্রেস থেকে যে প্রশ্ন ফাঁস হতো, সেটা বন্ধ করা হয়েছে। কিন্তু দেখা যায়, পরীক্ষার দিন সকালে প্রশ্ন ফাঁস হয়ে যায়। এ বিষয়েও ব্যবস্থা নেওয়া হয়েছে। এ জন্য পরীক্ষার্থীদের এখন আধা ঘণ্টা আগে কেন্দ্রে প্রবেশ করতে বলা হয়েছে। উত্তরপত্র মূল্যায়ন, পরীক্ষা পদ্ধতি ও শিক্ষা ব্যবস্থাপনা উন্নয়নেও বিভিন্ন পদক্ষেপ নেওয়া হচ্ছে বলেও জানান শিক্ষামন্ত্রী।

মতবিনিময় সভায় মাধ্যমিক শিক্ষার মানোন্নয়নে শিক্ষাক্রম সংস্কার, একই ধরনের প্রশ্নপদ্ধতি, শিক্ষকদের মূল্যবোধ ও নৈতিকতা উন্নয়নে আলোচনা হয়। এসব বিষয়ে শিক্ষাবিদেরা বিভিন্ন পরামর্শ দেন।

অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ পাঠ্যবইগুলো আনন্দময় করার ওপর গুরুত্বারোপ করেন।

সভায় মাধ্যমিক শিক্ষার মানোন্নয়নে গত বছরের নভেম্বরে কক্সবাজারে অনুষ্ঠিত কর্মশালার সুপারিশ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হয়।

সভায় শিক্ষাবিদদের মধ্যে আরও উপস্থিত ছিলেন অধ্যাপক জামিলুর রেজা চৌধুরী, বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর মোহাম্মদ ফরাসউদ্দীন, অধ্যাপক মুহম্মদ জাফর ইকবাল, অধ্যাপক এম এম আকাশ, অধ্যাপক মনজুর আহমেদ, শ্যামলী নাসরিন চৌধুরী, অধ্যাপিকা তাসলিমা বেগম প্রমুখ।